BREAKING NEWS LIVE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 19 Nov 2026, 03:47 PM

বিনোদন

স্তন ক্যানসারে মারা গেলেন অভিনেত্রী তুলনা

প্রতিবেদক: বিনোদন ডেস্ক
প্রকাশের তারিখ: শনিবার, ২৪ অক্টোবর ২০২৬, ০৬:২৮ PM



মাস ছয়েক আগে শরীরে ক্যানসার ধরা পড়েছিল মডেল, অভিনেত্রী ও উপস্থাপিকা তুলনা আল হারুনের। এরপর চলছিল চিকিৎসা। তবে শেষ পর্যন্ত বাঁচানো গেল না তাকে। ৩৯ বছর বয়সে মারা গেছেন তিনি।

শুক্রবার (২৩ অক্টোবর) রাতে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। তার মৃত্যুর খবর নিশ্চিত করেছেন মা আমেনা বেগম। তিনি বাংলাদেশ সুপ্রিম কোর্টের আইনজীবী।

তুলনার দাফন সম্পন্ন হয়েছে। আমেনা বেগম জানান, শনিবার দুপুর ১২টার দিকে রাজধানীর রায়েরবাজার বুদ্ধিজীবী কবরস্থানে তাকে দাফন করা হয়।

তুলনা স্তন ক্যানসারে আক্রান্ত ছিলেন। ঢাকার কয়েকটি হাসপাতালে তার চিকিৎসা চলছিল। গত ২০ অক্টোবর তার অস্ত্রোপচার করা হয়। তবে এরই মধ্যে তার শরীরে ক্যানসার ভয়াবহভাবে ছড়িয়ে পড়েছিল।

অস্ত্রোপচারের পর দুই দিন তুলনার শারীরিক অবস্থা ভালো ছিল। পরিবারের সদস্যদের সঙ্গে কথাও বলেছেন তিনি। কিন্তু শুক্রবার সকাল

থেকে তার অবস্থার দ্রুত অবনতি হতে থাকে। রাতে চিকিৎসাধীন অবস্থায় তার হার্ট অ্যাটাক হয়। এরপর আর তাকে বাঁচানো সম্ভব হয়নি। রাত ১১টার দিকে চিকিৎসকেরা তাকে মৃত ঘোষণা করেন।

তুলনা দেশের নন্দিত নাট্যকার ও নির্মাতা আব্দুল্লাহ আল মামুনের ভাই আব্দুল্লাহ আল হারুনের মেয়ে। মডেলিংয়ের পাশাপাশি অভিনয় ও উপস্থাপনায়ও একসময় সক্রিয় ছিলেন তিনি। তার মৃত্যুতে শোবিজ অঙ্গনের অনেক সহকর্মী শোক প্রকাশ করেছেন।

এ বিভাগের আরও খবর



অভিনয়ে ফিরতে চান খলনায়িকার চরিত্রে, জানালেন ক্যাটরিনা

দিনভর শুটিং শেষে বাড়ি ফেরেন ভিকি কৌশল। এরপর ক্লান্তি ভুলে মন দেন সন্তান ও সংসারে। স্বামী ও বাবা হিসেবে ভিকির এই দায়িত্ববোধ মুগ্ধ করেছে বলিউড...



আজ যমুনা ফিউচার পার্কে জেমসের কনসার্ট

দক্ষিণ এশিয়ার সর্ববৃহৎ শপিং কমপ্লেক্স রাজধানীর যমুনা ফিউচার পার্কে আজ শুক্রবার গান শোনাবেন দেশের ব্যান্ড সংগীতের জনপ্রিয় তারকা মাহফুজ আনাম জ...



খালেদা জিয়ার মতো আমিও বিনাবিচারে কারাবরণ করেছি: মেঘনা আলম

মডেল ও অভিনেত্রী মেঘনা আলম বলেছেন, তার কারাবাসের ইতিহাস নিয়ে হাসাহাসি করা উচিত নয়। তিনি বলেন, ‘বেগম খালেদা জিয়া যখন জেলে ছিলেন, তখন আমার সঙ...



যমুনা ফিউচার পার্কে জেমসের কনসার্ট আজ

দক্ষিণ এশিয়ার সর্ববৃহৎ শপিং কমপ্লেক্স রাজধানীর যমুনা ফিউচার পার্কে আজ শুক্রবার গান শোনাবেন দেশের ব্যান্ড সংগীতের জনপ্রিয় তারকা মাহফুজ আনাম জ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://seradealbd.com/entertainment/stn-kjansare-mara-gelen-obhinetri-tulna